

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৯৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ পশু-পক্ষীর প্রতি দয়া-দাক্ষিণ্যের গুরুত

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَيَّالِيُّ قَالَ بَيْنَمَا رَجُلُ يَمْشِى بِطَرِيقِ اشْتَدَّ عَلَيْهِ الْعَطَشِ فَقَالَ فَوَجَدَ بِنِّرًا فَنَزَلَ فِيهَا فَشَرِبَ ثُمَّ خَرَجَ فَإِذَا كَلْبٌ يَلْهَثُ يَأْكُلُ الثَّرَى مِنَ الْعَطَشِ فَقَالَ الرَّجُلُ لَقَدْ بَلَغَ هِذَا الْكَلْبَ مِنَ الْعَطَشِ مِثْلُ الَّذِى كَانَ بَلَغَ مِنِّى فَنَزَلَ الْبِنِّرَ فَمَلاً خُفَّهُ مَاءً الرَّجُلُ لَقَدْ بَلَغَ هِذَا الْكَلْبَ مِنَ الْعَطَشِ مِثْلُ الَّذِى كَانَ بَلَغَ مِنِّى فَنَزَلَ الْبِنِّرَ فَمَلاً خُفَّهُ مَاءً ثُمَّ أَمْسَكَهُ بِفِيهِ حَتِّى رَقِى فَسَقَى الْكَلْبَ فَشَكَرَ اللهُ لَهُ فَغَفَرَ لَهُ قَالُوا يَا رَسُوْلَ اللهِ وَإِنَّ لَنَا فِي كُلِّ كَبِدٍ رَطْبَةٍ أَجْرٌ

বাংলা

(৩৫৯৪) আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এক ব্যক্তি এক কুয়ার নিকটবর্তী হয়ে তাতে অবতরণ করে পানি পান করল। অতঃপর উঠে দেখল, কুয়ার পাশে একটি কুকুর (পিপাসায়) জিহ্বা বের করে হাঁপাচ্ছে। তার প্রতি লোকটির দয়া হল। সে তার পায়ের একটি (চর্মনির্মিত) মোজা খুলে (কুয়াতে নেমে তাতে পানি ভরে এনে) কুকুরটিকে পান করাল। ফলে আল্লাহ তার এই কাজের প্রতিদান স্বরূপ তাকে জান্নাতে প্রবেশ করালেন।

লোকেরা বলল, 'হে আল্লাহর রসূল! জীব-জন্তুর প্রতি দয়াপ্রদর্শনেও কি আমাদের সওয়াব আছে? তিনি বললেন, প্রত্যেক সজীব প্রাণবিশিষ্ট জীবের (প্রতি দয়াপ্রদর্শনে) সওয়াব বিদ্যমান। (বুখারী ২৩৬৩, ২৪৬৬, মুসলিম ৫৯৯৬)

এক বর্ণনায় আছে, এক বেশ্যা মহিলা ঐরূপ করলে আল্লাহ তাকে ক্ষমা করে দেন। (মুসলিম ৫৯৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন